

দেশের দীর্ঘতম ম্যুরাল সামিটের গাজীপুর বিদ্যুৎ কেন্দ্রে



ছবি ক্যাপশন: সামিট গাজীপুর ৪৬৪ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্রে হামিদুজ্জামান ভাস্কর্য পার্কের উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম। সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান ও দেশের প্রখ্যাত ভাস্কর প্রফেসর হামিদুজ্জামান খান এসময় উপস্থিত ছিলেন।

(গাজীপুর, বাংলাদেশ) ২৫শে ফেব্রুয়ারি ২০১৯, সোমবার: মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম সামিট গাজীপুর ৪৬৪ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্রে হামিদুজ্জামান ভাস্কর্য পার্কের উদ্বোধন করেন। এই ভাস্কর্য পার্কে রয়েছে ৩৪০ ফুট দীর্ঘ বাংলাদেশের দীর্ঘতম ম্যুরাল ‘শ্রম ও সৃষ্টি’। এর পাশাপাশি ‘ওয়ার্ল্ড ইন ফ্রেম’ ও ‘লাইফ এন্ড লাইফলেস’ নামে দুটি ভাস্কর্য রয়েছে।

হামিদুজ্জামান ভাস্কর্য পার্ক সম্পর্কে মুহাম্মদ আজিজ খান বলেন, “কর্ম মানবতার সহজাত বৈশিষ্ট্য এবং প্রকৃতির প্রয়োজন, যাতে করে পৃথিবী উদ্ভাবন, নির্মাণ ও সৃষ্টিকর্ম বজায় রাখতে পারে। সামিট সেইসব ব্যবসা করে যার মধ্যে দিয়ে মানবতা ঐকতানে বাঁচতে পারে শান্তি এবং আনন্দের মধ্যে। আমরা শিল্প এবং দর্শনের সাথে একাত্ম।”

প্রাকৃতিক পরিবেশে উন্মুক্ত এই ভাস্কর্য পার্ক, শিল্পের প্রতি সামিটের অনন্য ভালোবাসার বহিঃপ্রকাশ। একই সাথে দীর্ঘ এই মুর্যাল ও ভাস্কর্য বাগান সামিটের গুরুত্বপূর্ণ একটি শিল্প প্রকল্প, যা শিল্পায়ন ও সৃষ্টিশীল কর্মের অখণ্ড সম্পর্কের একটি নজির। সামিট বিশ্বাস করে, প্রকৃত প্রবৃদ্ধি তখনই অর্জিত সম্ভব যখন কর্মসম্পাদন ও শিল্পের মধ্যে ভারসাম্য বিরাজ করে।

উদ্বোধনী অনুষ্ঠানে সরকারি উর্ধ্বতন কর্মকর্তাদের মধ্যে উপস্থিত ছিলেন, বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সদস্য প্রকৌশলী মুস্তাফিজুর রহমান, পিজিসিবি'র প্রধান প্রকৌশলী (সিস্টেম অপারেশন) ইকবাল আজম, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ কমিশনার ওয়াইএম বেলালুর রহমান এবং জেলা প্রশাসক গাজীপুর, ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর। আরও উপস্থিত ছিলেন সামিট গ্রুপের ভাইস চেয়ারম্যান মো. লতিফ খান, জাফর উম্মিদ খান, মো. ফরিদ খান, পরিচালক আঞ্জুমান আজিজ খান, পরিচালক হেলাল উদ্দিন আহমেদ, সামিট কর্পোরেশনের এএমডি ফয়সাল করিম খান, পরিচালক আজিজা আজিজ খান, পরিচালক ফাদিয়া খান, সামিট পাওয়ারের ব্যবস্থাপনা পরিচালক লে. জে. (অব.) ইঞ্জি. আবদুল ওয়াদুদ, সামিট গাজীপুর ১ ও ২ পাওয়ার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জি. মোজাম্মেল হোসেনসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসানা ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল: ০১৭১৩ ০৮১৯০৫।